তব নাম-সুধা করে পান মুখে
তোমার মহিমা প্রচারে গো ॥
তোমার স্বরূপ জাগে না স্মৃতিতে
(বুঝি), অমিয় হ'তে অমিয় গো।
দয়িত-প্রেরিত বেদনার বাণী
(শুনি), তোমার শ্রবণে পশে যে গো ॥
অধম অজ্ঞান পারিনা ডাকিতে
ভাষার ছন্দ জানি না গো।
ব'লে দাও মোরে কি ব'লে ডাকিলে
ও নামের সাড়া মেলে গো ॥

শ্রীরামদেব চক্রবর্ত্তী, দ্বিতীয় বার্ষিক শ্রেণী।

পরের ছেলে।

প্রতিদিন সন্ধ্যা হ'লে প্রদীপটী নিয়ে
জননী দাঁড়ায়ে থাকে পথ পানে চেয়ে ;
কত ছেলে মাঠ হ'তে ফিরে গান গেয়ে,
মা বলিয়ে কেহ কভু আসে না ছুটিয়ে।
সেদিন দুর্দ্দিন বড়—সারা দিন ধরে'
ঝরিয়াছে বৃষ্টিধারা অবিরল ধারে ;
তবুও সে পুত্রহারা কুটীর-দুয়ারে
ছিল একা দাঁড়াইয়া প্রদীপটী করে।
পথে যেতে ছোট ছেলে আলোটী হেরিয়া
'মা' বলে দাঁড়াল সেথা আর্দ্র-বস্ত্র নিয়া ;
তাহার অধর চুমি তা'রে বুকে ধরে'
জেগে র'ল সারা রাত কি সুখ অন্তরে।
প্রভাতে জাগিয়া শিশু চলে' গেল ধীরে,
তার মুখ স্মরি নারী—ভাসে অশ্রুনীরে।

শ্রীসূর্য্যনারায়ণ পাল, চতুর্থ বার্ষিক শ্রেণী।